# Work sheet (পদের শ্রেণীবিভাগ )

নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:-

১.‘রাহুল মাঠে খেলছে।’—বাক্যে ‘রাহুল’ কোন পদ?

বিশেষণ / বিশেষ্য / সর্বনাম / ক্রিয়া ।

২.‘পাখি আকাশে উড়ছে।’—বাক্যে ক্রিয়া পদটি কোনটি?

পাখি / আকাশে / উড়ছে / বাক্যে ।

৩.‘আমি এবং তুমি আজ যাব।’—‘এবং’ শব্দটি কীভাবে ব্যবহৃত হয়েছে?

বিশেষ্য হিসেবে / সর্বনাম হিসেবে /  অব্যয় হিসেবে / ক্রিয়া হিসেবে ।

৪.কোন শব্দটি বাদ দিলে বাক্যের ক্রিয়া বোঝা যাবে না?

“রিমা প্রতিদিন গান গায়।”

প্রতিদিন / গান / রিমা /  গায়

৫.নিচের কোন জোড়ায় একটি বিশেষ্য ও একটি বিশেষণ আছে?

ফুল—সুন্দর / সে—আমি / এবং—কিন্তু / যায়—খেলে।

৬.‘আমি তাকে একটি বই দিলাম।’—এখানে সর্বনাম কয়টি?

১টি / ২টি / ৩টি / ৫ টি।

৭.‘মিতা ভালো গান গায়।’ বাক্যটিতে বিশেষ্য ও বিশেষণ পদ চিহ্নিত করো।

৮. ‘আমি আজ স্কুলে গিয়ে 15 ই আগস্ট নিয়ে রচনা লিখব।’- বাক্যটিতে ক্রিয়া পদগুলি চিহ্নিত করো।

৯. ‘সে, আমি ও তুমি কাল কৃষ্ণার বাড়িতে যাব।’- বাক্যটিতে সর্বনাম পদ চিহ্নিত করো।

১০. ‘আমার কিন্তু নীল পেনটা চাই ।’ - বাক্যটিতে অব্যয় পদ কোনটি?